

রেজিস্ট্রারের কার্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া


স্মারক নং- ৮/শিক্ষা/ইবি -২০২৩/৮৫২

তারিখঃ ২৬-০৯-২০২৩ ইং

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, (ভর্তি : ২০১৯-২০২০) ১ম বর্ষের ফলাফলের উপর ২য় বর্ষের বৃত্তি, (ভর্তি : ২০১৮-২০১৯) ২য় বর্ষের ফলাফলের উপর ৩য় বর্ষের বৃত্তি, (ভর্তি : ২০১৭-২০১৮) ৩য় বর্ষের ফলাফলের উপর ৪র্থ বর্ষের বৃত্তি প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত নীতিমালা অনুযায়ী ২০২১-২০২২ আর্থিক বছরের আওতাধীন সংযুক্ত ছকে উল্লেখিত ছাত্র-ছাত্রীদের বৃত্তি মঞ্জুর করা হয়েছে।

বৃত্তি তালিকায় উল্লেখিত ছাত্র-ছাত্রীগণ আগামী ১৮-১০-২০২৩ ইং তারিখের মধ্যে বৃত্তির টাকা গ্রহণের জন্য রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় রক্ষিত বৃত্তির বিলে ১০/= (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প দিয়ে সভাপতির সুপারিশের মাধ্যমে উপ-রেজিস্ট্রার (শিক্ষা) বরাবর সাদা কাগজে আবেদন করার জন্য নির্দেশ দেয়া হলো। বৃত্তির টাকা গ্রহণের জন্য তালিকায় উল্লেখিত ছাত্র-ছাত্রীদেরকে অগ্রণী ব্যাংক ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় অবশ্যই সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং ব্যাংকের দেওয়া হিসাব নম্বর আবেদনে উল্লেখ করতে হবে। বৃত্তির অর্থ স্ব স্ব ব্যাংক হিসাব নম্বরে জমা করা হবে। বৃত্তি প্রাপ্ত নন এমন কেহ ভুলক্রমে টাকা উত্তোলন করলে তা বৃত্তি ফান্ডে জমা দিতে হবে।



উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

স্মারক নং- ৮/শিক্ষা/ইবি -২০২৩/

তারিখঃ ২৬-০৯-২০২৩ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ১। পরিচালক, আই,সি,টি সেল, ইবি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। নথি।


সহকারী রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।